

## 📖 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৭৫৮

৪৬/ কাসামাহ (كتاب القسامة)

পরিচ্ছেদঃ ১৭. কামড় দেওয়ার কিসাস এবং এ সম্পর্কে ইমরান ইবন হুসায়ন (রাঃ) থেকে বর্ণনাকারীদের মধ্যে পার্থক্য

الْقَوْدُ مِنَ الْعَصَةِ وَذَكَرُ اخْتِلَافِ الْأَفَاطِ النَّاقِلِينَ لِحَبْرِ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عُمَانَ أَبُو الْجَوَازِ قَالَ أَنْبَأَنَا قُرَيْشُ بْنُ أَنَسٍ عَنْ ابْنِ عَوْنٍ عَنْ ابْنِ سِيرِينَ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ رَجُلًا عَضَّ يَدَ رَجُلٍ فَأَنْتَزَعَ يَدَهُ فَسَقَطَتْ ثَنِيَّتُهُ أَوْ قَالَ ثَنَائِيَاهُ فَاسْتَعْدَى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا تَأْمُرُنِي تَأْمُرُنِي أَنْ أَمُرَهُ أَنْ يَدَعَ يَدَهُ فِي فَيْكَ تَقْضُمُهَا كَمَا يَقْضُمُ الْفَحْلُ إِنْ شِئْتَ فَادْفَعْ إِلَيْهِ يَدَكَ حَتَّى يَقْضُمَهَا ثُمَّ أَنْتَزِعْهَا إِنْ شِئْتَ

বাংলা

৪৭৫৮. আহমদ ইবন উসমান আবু জাওয়া (রহঃ) ... ইবন সীরীন (রহঃ) ইমরান ইবন হুসায়ন (রাঃ) থেকে বর্ণনা করেন যে, এক ব্যক্তি অন্য এক ব্যক্তির হাতে কামড় দিল। যখন সেই ব্যক্তি তার হাত টেনে নিল, তাতে তার একটি দাঁত অথবা তিনি বলেন, কয়েকটি দাঁত পড়ে গেল। সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট ফরিয়াদ জানালো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ তুমি আমাকে কী আদেশ দিতে বল? তুমি এই বল যে, আমি তাকে আদেশ করি এবং সে তার হাত তোমার মুখে দিয়ে রাখুক; আর তুমি তা চিবাতে থাক, যেমন জন্তু চিবিয়ে থাকে? যদি তোমার ইচ্ছা হয়, তবে তোমার হাত তাকে চিবাতে দাও। তারপর বের করে নাও।

## English

It was narrated from 'Imran bin Hussain that: a man bit the hand of another man, who pulled his hand away, and the man's front tooth (or from teeth) fell out. He complained about that to the Messenger of Allah, and the Messenger of Allah said: "What do you want? Do you want me to tell him to put his hand in your mouth, so that you can bite it like a stallion bites? Or, do you want to give him your hand so that he may

bite it, then you can pull it away if you want?"

### ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইবনু সীরীন (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=78789>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন